



মাননীয় মুখ্যমন্ত্রী

মমতা বন্দ্যোপাধ্যায়ের

উদ্যোগে

উজ্জ্বল ভবিষ্যতের জন্য শিক্ষাক্ষেত্রে চালু হয়েছে
'স্টুডেন্ট ক্রেডিট কার্ড' প্রকল্প



প্রকল্পের সুযোগ সুবিধাগুলি:

- সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত শিক্ষাঋণ, বার্ষিক ন্যূনতম সরল সুদে।
- পশ্চিমবঙ্গবাসী শিক্ষার্থী, যারা দেশের ও বিদেশের যে কোনও স্বীকৃত বিদ্যালয় / মাদ্রাসায় দশম শ্রেণি থেকে উচ্চমাধ্যমিক পর্যন্ত পাঠরত বা কলেজ / বিশ্ববিদ্যালয় / উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে স্নাতক / স্নাতকোত্তর / পেশাগত / ডক্টরাল ও পোস্ট ডক্টরাল কোর্স বা ডিপ্লোমা কোর্সে পড়াশোনা করছে, তারা শিক্ষাঋণ পাবে।
- প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশিক্ষণের জন্য বিভিন্ন কোর্সিং ইন্সটিটিউট যেখানে আইএএস, আইপিএস, ডব্লিউবিসিএস বা অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতি চলে, সেখানে পড়াশোনা করলেও এই শিক্ষাঋণ পাওয়া যাবে।
- কোর্স ফি, হোস্টেল ফি-সহ অন্যান্য খরচ এই ঋণের মাধ্যমে প্রদান করা যাবে।
- আবেদনের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর।

প্রকল্পের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য:

- রাজ্য কো-অপারেটিভ ব্যাঙ্ক, ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক, রাজ্য কো-অপারেটিভ ব্যাঙ্ক অনুমোদিত অন্যান্য কো-অপারেটিভ ব্যাঙ্ক, রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্ক, বেসরকারি ব্যাঙ্ক এবং রিজিওনাল রুরাল ব্যাঙ্ক থেকে স্টুডেন্ট ক্রেডিট কার্ড ও ঋণ পাওয়া যাবে।
- একজন শিক্ষার্থী কোর্স চলাকালীন যে কোনও সময় এই ঋণের জন্য আবেদন করতে পারবে।
- এই ঋণ পরিশোধ করার জন্য দীর্ঘ ১৫ বছর সময় পাওয়া যাবে।

কীভাবে আবেদন করতে হবে

এই প্রকল্পে সুবিধা পেতে হলে

www.wb.gov.in বা

<https://banglaruchchashiksha.wb.gov.in>-এর

STUDENT CREDIT CARD ট্যাবে ক্লিক করতে হবে

অথবা <https://wbccc.wb.gov.in> পোর্টালে ঢুকে

অনলাইনে আবেদন করতে হবে।



আবেদন করার সময় কী কী নথি/ তথ্য প্রয়োজন:

- আবেদনকারীর রস্কিন ছবি
- সহ-আবেদনকারীর / সহ-ঋণগ্রহিতার (মা / বাবা / আইনি অভিভাবক) রস্কিন ছবি
- আবেদনকারীর মোবাইল ফোন নম্বর ও ইমেল আইডি
- আবেদনকারীর স্বাক্ষর
- সহ-আবেদনকারীর / সহ-ঋণগ্রহিতার (মা / বাবা / আইনি অভিভাবক) স্বাক্ষর
- আবেদনকারীর আধার কার্ড
- আবেদনকারীর প্যান কার্ড (যদি প্যান কার্ড না থাকে তাহলে নির্দিষ্ট ফর্ম্যাটে অঙ্গীকার পত্র)
- অভিভাবকের / সহ-আবেদনকারীর ঠিকানার প্রমাণপত্র ও মোবাইল ফোন নম্বর
- অভিভাবকের / সহ-ঋণগ্রহিতার প্যান কার্ড (যদি প্যান কার্ড না থাকে তাহলে নির্দিষ্ট ফর্ম্যাটে অঙ্গীকার পত্র)
- শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির প্রমাণপত্র / নথি
- শিক্ষা প্রতিষ্ঠানের প্রম্পেকটাস / সার্টিফিকেট (প্রতিষ্ঠানের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত) যাতে ভর্তি ফি, পরীক্ষা ফি, হোস্টেল ফি ইত্যাদির উল্লেখ রয়েছে
- আবেদনকারীর বয়সের প্রমাণপত্র (প্যান / আধার / দশম শ্রেণীর বোর্ড পরীক্ষার অ্যাডমিট কার্ড / ড্রাইভিং লাইসেন্স)
- আবেদনকারীর সর্বশেষ যোগ্যতা নির্ধারক পরীক্ষার সার্টিফিকেট / মার্কশিট
- আবেদনকারীর ও সহ-ঋণগ্রহিতার ব্যাঙ্কের তথ্য: ব্যাঙ্কের নাম ও শাখা, অ্যাকাউন্ট নম্বর, আইএফএসসি ইত্যাদি সম্বলিত ঐ ব্যাঙ্কের পাস বইয়ের প্রথম পাতা
- সহ-আবেদনকারী / সহ-ঋণগ্রহিতার গত দু'বছরের আয়কর দাখিলের প্রমাণপত্র (বাধ্যতামূলক নয়)
- সহ-আবেদনকারী / সহ-ঋণগ্রহিতার সম্পত্তি এবং দায় বিষয়ক প্রমাণপত্র (বাধ্যতামূলক নয়)



যে কোনও প্রয়োজনে ফোন করুন টোল ফ্রি হেল্পলাইন নম্বরে: ১৮০০১০২৮০১৪ অথবা ইমেল করুন ১) support-wbccc@bangla.gov.in ২) contactwbccc@gmail.com

উচ্চশিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার